

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৫৮৯

আগরতলা, ২৪ অক্টোবর, ২০২৪

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ২২ অক্টোবর, ২০২৪ তারিখে প্রতিবাদী কলম পত্রিকায় ‘আমবাসায় ডেঙ্গু আতঙ্ক’ এবং গত ২২ অক্টোবর, ২০২৪ তারিখে স্যন্দন পত্রিকায় ‘আমবাসায় ডেঙ্গুর সঙ্গে পাঞ্জা দিয়ে বাড়ছে ম্যালেরিয়া’ শিরোনামে প্রকাশিত সংবাদ দুটি জাতীয় স্বাস্থ্য মিশন-ত্রিপুরা এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, উক্ত সংবাদটি সঠিক নয়। প্রকৃত তথ্য হল আমবাসা এলাকায় ম্যালেরিয়া অনেকটাই নিয়ন্ত্রিত। গুরুধন পাড়াতে ছয়জন, শিকারিবাড়িতে ছয়জন এবং বলরাম পাড়াতে দুইজনের ম্যালেরিয়া শনাক্ত হয়েছে। অন্যদিকে ধলাই জেলা হাসপাতালে ডেঙ্গু এমএস ওয়ান কিটে দুজন রোগীকে শনাক্ত করা হয়। যাদের মধ্যে একজন গন্ডাছড়ার বাসিন্দা এবং অপরজন আমবাসার বাসিন্দা। তাছাড়া আরও দুজন প্রাইভেট ল্যাবরেটরিতে গিয়ে টেস্ট করায় এবং তাদের ডেঙ্গু রোগ ধরা পড়ে। তারা নিজেরাই হাঁপানিয়াস্থিত ত্রিপুরা মেডিক্যাল কলেজ অ্যান্ড ড. বি আর আশ্বেদকর টিচিং হাসপাতালে ভর্তি হন। এদিকে ডেঙ্গুজনিত যে কোনও পরিস্থিতির মোকাবিলার জন্য ধলাই জেলায় সম্পূর্ণ প্রস্তুতি নেওয়া হয়েছে এবং প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

\*\*\*\*\*